23876

দৈনিক ইত্তেফাক

তারিখ 1 9 OCT 1995
পৃষ্ঠা ৩ কলাম ২

## সকল কাগজপত্রই ভুয়া ॥ ৪ পরীক্ষার্থী প্রতারিত

ঠাকুরগাঁও সংবাদদাতা ॥ ঠাকুরগাঁও সদর থানার ফাড়াবাড়ী উচ্চ বিদ্যালয়ের ৪ জন ছাত্র-ছাত্রী ১৯৯৫ সালের এস,এস,সি পরীক্ষায় অংশ গ্রহণের পর ফলাফল ঘোষণার সময় দেখা যায়, তাহাদের প্রবেশ পত্রসহ সকল কাগজপত্রই ভুয়া। এই ৪ জন উক্ত বিদ্যালয়ের নিয়মিত ছাত্র-ছাত্রী ছিল। স্কুল কর্তৃপক্ষ যথারীতি ফরম পুরণ করিয়া ছাত্র-ছাত্রীদের রেজিষ্ট্রেশন নাম্বার ও রোল নাম্বারসহ প্রবেশপত্র সরবরাহ করে। রুহিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দেওয়ার পর দেখা যায়, তাহাদের ফলাফল ঘোষণা করা

(৪র্থ পৃঃ দ্রঃ)

### সকল কাগজপত্রই

(৩য় পৃঃ পর)

হয় নাই। অভিভাবকগণ রাজশাহী বোর্ডে গিয়া জানিতে পারেন যে, স্কুল কর্তৃপক্ষ টাকা জমা না দিয়া পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর জাল করিয়া ভুয়া কাগজপত্র ছাত্র-ছাত্রীদের সরবরাহ করিয়াছে। অভিভাবকগণ ইতোমধ্যেই উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট এই ব্যাপারে অভিযোগ করিয়াছেন।